**গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)**
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা-১২০৭।

**ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৩) জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন, হালনাগাদকরণ এবং পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নজরুল ইসলাম, মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট), জিটিসিএল |
| সভার তারিখ | : | ০৯.০৩.২০২৩ |
| সভার সময় | : | বেলা ১১: ০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম (লেভেল-০৩), জিটিসিএল। |

কমিটির আহবায়ক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম শুরু করেন। আহবায়কের অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম-১.২ মোতাবেক এ সভার আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

সভায় ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৩) বাস্তবায়নযোগ্য বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর নিম্নোক্ত কার্যক্রমসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ

| কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম |
|---|---|
| প্রাতিষ্ঠানিক | (১.১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন/হালনাগাদকরণ |
| | (১.২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন |
| | (১.৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন |
| | (১.৪) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) |
| সক্ষমতা অর্জন | (২.১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন |
| | (২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন |

কমিটির সদস্য-সচিব, উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) সভাকে আরও অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম-১.১ মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের নির্দেশনা রয়েছে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম-১.৩ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভা গত ২৭-০২-২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে।

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম-২.১ মোতাবেক গত ১৬-০২-২০২৩ ও ২০-০২-২০২৩ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ২০২২-২৩ অর্থবছরে কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রা অর্জনের রোডম্যাপ অনুসারে ৪র্থ কোয়ার্টারে আয়োজন করা হবে।

কমিটির সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেঃ

"১.১। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) এর পরিবর্তে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)-কে অন্তর্ভুক্তকরতঃ অন্যান্য সদস্যদের অপরিবর্তিত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন, হালনাগাদকরণ, পরিবীক্ষণ এবং মনিটরিং এর নিমিত্ত এতদসংক্রান্ত কমিটি পুনর্গঠন;

১.২। ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৩) জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;

১.৩। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-১ অধিশাখা হতে প্রেরিত পত্র স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১২২৩, তারিখ: ০১-০৩-২০২৩ নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৩) সেবা প্রদান প্রতিশ্রুতি সংশোধনপূর্বক (যদি থাকে) হালনাগাদকরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ;

১.৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রা অর্জনের রোডম্যাপ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অন্যান্য কার্যক্রম সম্পাদন।"

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(সরোজ কান্তি মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও
সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল

(নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল

**<u>বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>**

১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৪। পরিচালক (অর্থ) অ.দা. ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং), জিটিসিএল, ঢাকা।
৬। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল, ঢাকা।
৭। অফিস কপি।

**গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)**
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৩) জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন, হালনাগাদকরণ এবং পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিতির তালিকা।

তারিখঃ ০৯-০৩-২০২৩

| **ক্রমিক নং** | **কমিটির সদস্যগণের নাম ও পদবি** | **স্বাক্ষর** |
|---|---|---|
| ০১। | জনাব নজরুল ইসলাম<br>মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন, ইস্ট) ও<br>আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি। | |
| ০২। | মিসেস মোহছেনা আক্তার<br>মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস্) ও<br>সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | |
| ০৩। | জনাব মোঃ আক্তারুজ্জামান<br>পরিচালক (অর্থ), অ.দা. ও<br>সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | |
| ০৪। | জনাব সরোজ কান্তি মজুমদার<br>উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও<br>সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি। | |
| ০৫। | জনাব মুহাম্মদ ইমামুল হক<br>উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও<br>সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | |